

১৫০ শয্যাবিশিষ্ট সরকারি কর্মচারী হাসপাতাল
কর্মকর্তা-কর্মচারীদের কার্যপরিধি
(Job Descriptions)

নভেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ

জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১. পদের নাম : পরিচালক

পদের উদ্দেশ্য : রোগীদের নিরাপদ, কার্যকর ও নির্ভরযোগ্য সেবা প্রদানের নিমিত্ত হাসপাতালের দক্ষ ব্যবস্থাপনা নিশ্চিত করা; হাসপাতালে চিকিৎসক ও বিভিন্ন পেশা, গ্রুপের কর্মকর্তা কর্মচারীদের প্রয়োজনীয় শিক্ষা/প্রশিক্ষণ গ্রহণে সহায়তা প্রদান;

প্রাতিষ্ঠানিক সম্পর্ক :

(ক) জবাবদিহিতা: প্রশাসনিক- সিনিয়র সচিব/সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়; ;

কার্যনির্বাহের ক্ষেত্রে- অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (স.ও ক.), জনপ্রশাসন মন্ত্রণালয়;

(খ) তত্ত্বাবধায়নাধীন কর্মকর্তা/ কর্মচারী: হাসপাতালের সকল কর্মকর্তা ও কর্মচারী;

(গ) কার্যক্ষেত্রে সম্পর্ক/ যোগাযোগ: হাসপাতাল ব্যবস্থাপনা কমিটি, হাসপাতালে নিয়োজিত সকল পর্যায়ের চিকিৎসক, নার্স ও অন্যান্য কর্মকর্তা ও কর্মচারী;

মূল দায়িত্ব:

১. হাসপাতালের সুষ্ঠু মানবসম্পদ ব্যবস্থাপনা ও আর্থিক ব্যবস্থাপনা নিশ্চিত করা;
২. আর্থিক ব্যবস্থাপনাসহ আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন;
৩. কার্যকর ও দক্ষ হাসপাতাল সেবা প্রদানের লক্ষ্যে বিদ্যমান বিধি বিধান ও প্রদত্ত ক্ষমতা অনুযায়ী হাসপাতালে বরাদ্দকৃত সকল সম্পদের যথাযথ ব্যবস্থাপনা;
৪. হাসপাতালের সার্বিক উন্নয়নের লক্ষ্যে বার্ষিক পরিকল্পনা প্রণয়ন ও ব্যবস্থাপনা কমিটির নিকট উপস্থাপন;
৫. হাসপাতালের কর্ম সম্পাদন দক্ষতা বৃদ্ধি করা ও কর্মসম্পাদনের লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করা;
৬. হাসপাতাল পরিচালনায় ব্যবস্থাপনা কমিটিকে অবহিতকরণ ও কমিটির পরামর্শ গ্রহণ;
৭. মন্ত্রণালয়ের সাথে প্রতিষ্ঠানের সকল কাজের সার্বক্ষণিক সংযোগকারী হিসেবে দায়িত্ব পালন;
৮. হাসপাতালের শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য যথাযথ একাডেমিক পরিবেশ নিশ্চিত করা;
৯. হাসপাতালে মানসম্মত ও দক্ষ সেবা প্রদানের লক্ষ্যে সকল চিকিৎসক ও কর্মকর্তা কর্মচারীদের কাজের তদারকি ও মনিটরিং নিশ্চিত করা;
১০. সকল কর্মকর্তা-কর্মচারীর আচরণগত পরিবর্তনের লক্ষ্যে বিসিসি কার্যক্রম সংগঠিত করা;
১১. অধিনস্ত কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় অনুবেদনকারী/ প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন;
১২. মানসম্পন্ন বর্জ্য ব্যবস্থাপনা ও পরিচ্ছন্নতাসহ হাসপাতালের সার্বিক রক্ষণাবেক্ষণ এবং নিরাপত্তা নিশ্চিত করা;
১৩. গুনগত সেবা প্রদানে এবং পেশাগত মান উন্নয়নে মেডিকেল অডিট বাস্তবায়নে ভূমিকা পালন;
১৪. ব্যবস্থাপনা কমিটি কর্তৃক অনুমোদিত কার্যপরিধি মোতাবেক পরিচালকের দৈনন্দিন অন্যান্য কার্যক্রম পরিচালিত হবে;

২. পদবী : উপপরিচালক
- পদের উদ্দেশ্য : হাসপাতালের সার্বিক ব্যবস্থাপনা;
- প্রাতিষ্ঠানিক সম্পর্ক :
- (ক) জবাবদিহিতা: প্রশাসনিক- সিনিয়র সচিব/ সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়;
- কার্যনির্বাহের ক্ষেত্রে- অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (স.ও ক.), জনপ্রশাসন মন্ত্রণালয়;
- (খ) তত্ত্বাবধায়নাধীনকর্মকর্তা/ কর্মচারী: সংশ্লিষ্ট হাসপাতালের সকল কর্মকর্তা ও কর্মচারী;
- (গ) কার্যক্ষেত্রে সম্পর্ক/যোগাযোগ : হাসপাতাল উপদেষ্টা কমিটি, হাসপাতাল ব্যবস্থাপনা কমিটি, সিভিল সার্জন, মেডিকেল কলেজ ও বিশেষায়িত হাসপাতাল এর প্রধান কর্মকর্তাগণ;

মূল দায়িত্ব:

১. হাসপাতালের প্রশাসনিক প্রদানের দায়িত্বসহ হাসপাতালের সার্বিক ব্যবস্থাপনা;
২. হাসপাতালের সকল কাজের তত্ত্বাবধান ও পরিবীক্ষণ;
৩. হাসপাতালের কর্মচারী ব্যবস্থাপনা;
৪. আর্থিক ব্যবস্থাপনাসহ আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন;
৫. প্রচলিত সরকারী বিধান অনুসারে প্রাপ্ত সম্পদের যথাযথ ব্যবস্থাপনা এবং রোগীদের কক্ষ ও কার্যকর সেবা প্রদানের জন্য অধঃস্তন কর্মকর্তা-কর্মচারীদের কে দায়িত্ব প্রদান;
৬. সেবা প্রদানের বার্ষিক অপারেশন প্লান প্রস্তুত;
৭. হাসপাতালের সার্বিক তথ্য ব্যবস্থাপনা;
৮. সকল কর্মকর্তা ও কর্মচারী সমন্বয় মাসিক সমন্বয় সভার আয়োজনসহ সার্বিক সমন্বয়ের দায়িত্ব পালন;
৯. অধীনস্থ কর্মকর্তা ও কর্মচারীদের বার্ষিক গোপনীয় অনুবেদনকারী/ প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালন;
১০. মেডিকোলিগ্যাল বিষয়ে সিভিল সার্জনকে সহায়তা প্রদান;
১১. পরিষ্কার পরিচ্ছন্নতাসহ পরিবেশ ও সৌন্দর্য্য বৃদ্ধি করে হাসপাতালের সার্বিক রক্ষণাবেক্ষণ নিশ্চিত করা;
১২. রেফারেল ব্যবস্থা বাস্তবায়ন;
১৩. মানসম্মত উন্নত সেবা প্রদানের লক্ষ্যে কর্মকর্তা কর্মচারীদের আচরনের উন্নয়ন, ও বিসিসি কার্যক্রম বাস্তবায়ন;
১৪. প্রাকৃতিক দুর্যোগ, মহামারী ও আপদকালীন সময়ের প্রস্তুতিসহ প্রয়োজনীয় সহায়তা প্রদান;
১৫. দূষণমুক্ত পরিবেশ ও মানসম্মত বর্জ্য ব্যবস্থাপনা নিশ্চিত করা;
১৬. উর্ধ্বতন কর্তৃপক্ষের প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন;

৩. পদের নাম : সিনিয়র কনসালটেন্ট
পদের উদ্দেশ্য : সংশ্লিষ্ট বিভাগের রোগীর বিশেষায়িত চিকিৎসা প্রদান;
প্রাতিষ্ঠানিক সম্পর্ক :

(ক) জবাবদিহিতাঃ: প্রশাসনিক- পরিচালক

কার্যনির্বাহের ক্ষেত্রে- তত্ত্বাবধায়ক

(খ) তত্ত্বাবধায়নাধীন কর্মকর্তা/কর্মচারী: সংশ্লিষ্ট চিকিৎসক, নার্স, প্যারামেডিকস;

(গ) কার্যক্ষেত্রে সম্পর্ক/যোগাযোগ: সকল চিকিৎসক, নার্স, প্যারামেডিকেল স্টাফ;

মূল দায়িত্ব:

১. বিশেষায়িত জ্ঞান ও দক্ষতার সংশ্লিষ্ট ক্ষেত্রে ক্লিনিক্যাল বিষয়ে মতামত এবং পরামর্শ প্রদান; হাসপাতালের সকল কাজের তত্ত্বাবধান ও পরিবীক্ষণ;
২. অন্তর্বিভাগ, বহির্বিভাগ ও জরুরী বিভাগে যথাযথ চিকিৎসা ও সেবা প্রদান;
৩. তাঁর চিকিৎসাধীন রোগীদের সেবা প্রদানকারী ক্লিনিক্যাল টিমকে নেতৃত্ব দেয়া এবং তাদেরকে সমন্বিত;
৪. প্রশিক্ষণ, অধ্যয়ন ও গবেষণার মাধ্যমে তাঁর ক্লিনিক্যাল জ্ঞান ও দক্ষতা অক্ষুন্ন রাখা, উন্নতিসাধন করা এবং তা ব্যবহার;
৫. অধীনস্থ চিকিৎসক ও নার্সদের ক্লিনিক্যাল টিচিং প্রদান;
৬. নোটিফাইয়েবল রোগসমূহ অনতিবিলম্বে তত্ত্বাবধায়ককে অবহিতকরণ;
৭. রোগীর চিকিৎসা ও সেবার ক্ষেত্রে সর্বোচ্চ পেশাগত নৈতিকতা রক্ষা করা;
৮. মানসম্মত বর্জ্য ব্যবস্থাপনায় কার্যকরী ভূমিকা রাখা;
৯. প্রয়োজনবোধে মেডিকোলিগ্যাল পরীক্ষা কার্যে সহায়তা করা;
১০. উর্ধ্বতন কর্তৃপক্ষের প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন;

৪. পদের নাম : জুনিয়র কনসালটেন্ট

পদের উদ্দেশ্য : সংশ্লিষ্ট বিভাগের রোগীর বিশেষায়িত চিকিৎসা প্রদান;

প্রাতিষ্ঠানিক সম্পর্ক:

(ক) জবাবদিহিতা: প্রশাসনিক- পরিচালক

কার্যনির্বাহের ক্ষেত্রে- উপপরিচালক, সিনিয়র কনসালটেন্ট;

(খ) তত্ত্বাবধানাধীন কর্মকর্তা/ কর্মচারী: সংশ্লিষ্ট চিকিৎসক, নার্স, প্যারামেডিকস।

(গ) কার্যক্ষেত্রে যোগাযোগ: সকল চিকিৎসক, নার্স, প্যারামেডিকেল ষ্টাফ।

মূল দায়িত্ব:

১. বিশেষায়িত জ্ঞান ও দক্ষতার সংশ্লিষ্ট ক্ষেত্রে ক্লিনিক্যাল মতামত এবং পরামর্শ প্রদান;
২. অন্তর্বিভাগ, বহিঃবিভাগ ও জরুরী বিভাগে যথাযথ চিকিৎসা ও সেবা প্রদান;
৩. তাঁর চিকিৎসাধীন রোগীদের সেবা প্রদানকারী ক্লিনিক্যাল টিমকে নেতৃত্ব দেয়া এবং তাদেরকে সমন্বিত করা;
৪. প্রশিক্ষণ, অধ্যয়ন ও গবেষণার মাধ্যমে তাঁর ক্লিনিক্যাল জ্ঞান ও দক্ষতা অক্ষুণ্ণ রাখা, উন্নতিসাধন করা এবং তা ব্যবহার;
৫. অধীনস্থ চিকিৎসক ও নার্সদের ক্লিনিক্যাল টিচিং প্রদান;
৬. নোটিফাইয়েবল রোগসমূহ অনতিবিলম্বে উপপরিচালককে অবহিতকরণ;
৭. রোগীর চিকিৎসা ও সেবার ক্ষেত্রে সর্বোচ্চ পেশাগত নৈতিকতা রক্ষা;
৮. মানসম্মত বর্জ্য ব্যবস্থাপনায় কার্যকরী ভূমিকা রাখা;
৯. প্রয়োজনবোধে মেডিকোলিগ্যাল পরীক্ষা কার্যে সহায়তা করা;
১০. উর্ধ্বতন কর্তৃপক্ষের প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

৫. পদের নাম : আবাসিক সার্জন

পদের উদ্দেশ্য : হাসপাতাল উপপরিচালকের সার্বিক তত্ত্বাবধানে অন্তর্বিভাগ, বহির্বিভাগ ও জরুরী চিকিৎসা সেবাসহ সকল ধরনের চিকিৎসা সেবার সার্বিক ব্যবস্থাপনা নিশ্চিত করা;

প্রাতিষ্ঠানিক সম্পর্ক :

(ক) জবাবদিহিতা: প্রশাসনিক- পরিচালক

কার্যনির্বাহের ক্ষেত্রে- উপপরিচালক;

(খ) তত্ত্বাবধায়নাধীন কর্মকর্তা/কর্মচারী : মেডিকেল অফিসার, ডেন্টাল সার্জন, নার্সিং সুপারিনটেনডেন্ট, নার্সিং সুপারভাইজার, মেডিকেল টেকনোলজিস্ট, স্টোর কিপার, হেলথ এডুকেটরসহ কার্যপরিধিতে বর্ণিত অন্যান্য কর্মকর্তা ও কর্মচারী।

(গ) কার্যক্ষেত্রে সম্পর্ক/যোগাযোগ : কনসালটেন্ট, অন্যান্য কর্মকর্তা, কর্মচারী।

মূল দায়িত্বঃ

১. হাসপাতালে চিকিৎসা সেবা প্রদান নিশ্চিত করা;
২. অনুমোদিত মান ও সূচী অনুসারে রোগীর পথ্য সরবরাহ নিশ্চিত করা;
৩. হাসপাতাল ওয়ার্ড ও অঙ্গনের পরিবেশ ও পরিচ্ছন্নতা নিশ্চিত করা;
৪. ময়না তদন্তসহ অন্যান্য মেডিকোলিগ্যাল পরীক্ষা সম্পন্ন করতঃ যথাসময়ে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন দাখিল;
৫. সুষ্ঠুভাবে স্টোর/ ভান্ডার ব্যবস্থাপনা নিশ্চিত করা;
৬. হাসপাতালের বিভিন্ন পরিসংখ্যান সংরক্ষণ করা এবং প্রয়োজনীয় বিভিন্ন প্রতিবেদন তৈরী নিশ্চিত করা;
৭. মেডিকেল অফিসার, স্টাফ নার্স ও অন্যান্য সহায়ক কর্মচারীদের কার্যক্রম তদারকি করা;
৮. রোগীর চিকিৎসা ও সেবার ক্ষেত্রে সর্বোচ্চ পেশাগত নৈতিকতা রক্ষা করা;
৯. অধস্তন কর্মকর্তা কর্মচারীদের কার্যক্ষমতা উন্নয়নে সহায়তা করা;
১০. হাসপাতালের মানসম্মত বর্জ্য ব্যবস্থাপনা নিশ্চিত করা;
১১. রেফারেল ব্যবস্থা বাস্তবায়ন;
১২. উর্ধ্বতন কর্তৃপক্ষের প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

৬। পদের নাম : সহকারী রেজিস্ট্রার

পদের উদ্দেশ্য : সংশ্লিষ্ট কনসালটেন্টের তত্ত্বাবধান ও নির্দেশনা অনুসারে অন্তর্বিভাগে সার্বক্ষণিক চিকিৎসা প্রদান এবং ওয়ার্ডের সার্বিক ব্যবস্থাপনা নিশ্চিত করা।

প্রাতিষ্ঠানিক সম্পর্ক : (ক) জবাবদিহিতাঃ প্রশাসনিক- পরিচালক

কার্যনির্বাহের ক্ষেত্রে- সিনিয়র কনসালটেন্ট/ জুনিয়র কনসালটেন্ট;

(খ) তত্ত্বাবধায়নাধীন কর্মচারী : ওয়ার্ড সংশ্লিষ্ট সকল কর্মচারী;

(গ) কার্যক্ষেত্রে সম্পর্ক/যোগাযোগ : অন্যান্য কনসালটেন্ট, আবাসিক চিকিৎসক, সকল মেডিকেল অফিসার, নার্সিং সুপারভাইজার, ষ্টোর কিপার, ওয়ার্ড মাস্টার।

মূল দায়িত্ব:

১. অন্তর্বিভাগ সকল রোগীর সঠিক চিকিৎসা নিশ্চিত করা;
২. ওয়ার্ডের কার্যক্রম সমন্বয়, রোগীর মৃত্যু ছাড়পত্র ও অন্যান্য মেডিকো-লিগ্যাল সনদ ইস্যু করাসহ ওয়ার্ডের সার্বিক ব্যবস্থাপনা নিশ্চিত করা;
৩. হাসপাতালের রোগীদের রেফারেল ব্যবস্থা কার্যকর করা ;
৪. রোগীর চিকিৎসা সংক্রান্ত রেকর্ড কিপিং নিশ্চিত করা;
৫. ওয়ার্ডে যথাযথ ঔষধ ও সরঞ্জামের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করা;
৬. অধস্তনদের কার্যক্ষমতা উন্নয়নে সহায়তা করা;
৭. রোগীর চিকিৎসা ও সেবার ক্ষেত্রে সর্বোচ্চ পেশাগত নৈতিকতা রক্ষা করা;
৮. মানসম্মত বর্জ্য ব্যবস্থাপনা নিশ্চিত করা;
৯. উর্ধ্বতন কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য দায়িত্ব।

৭. পদের নাম : মেডিকেল অফিসার

পদের উদ্দেশ্য : বহির্বিভাগ, অন্তর্বিভাগ ও জরুরী বিভাগে আগত রোগীদেরকে যথাযথ চিকিৎসা প্রদান;

প্রাতিষ্ঠানিক সম্পর্ক :

(ক) জবাবদিহিতাঃ প্রশাসনিক- পরিচালক

কার্যনির্বাহের ক্ষেত্রে- কনসালটেন্ট/ আবাসিক মেডিকেল অফিসার;

(খ) তত্ত্বাবধায়নাধীনকর্মচারী : সংশ্লিষ্ট সকল সহায়ক কর্মরত কর্মচারী;

(গ) কার্যক্ষেত্রে সম্পর্ক/যোগাযোগ : কনসালটেন্ট, সহকারী রেজিস্ট্রার, সকল মেডিকেল অফিসার, নার্সিং সুপারভাইজার ও ওয়ার্ড মাস্টার।

মূল দায়িত্ব:

১. অন্তর্বিভাগ, বহির্বিভাগ ও জরুরী বিভাগের রোগীদের যথাযথ চিকিৎসা সেবা প্রদান নিশ্চিতকরণ;
২. হাসপাতাল পরিবেশ, পরিচ্ছন্নতা ও ব্যবস্থাপনার ক্ষেত্রে কর্তৃপক্ষকে সহায়তা দান;
৩. আবাসিক সার্জনের সঙ্গে সমন্বয় করে মেডিকো-লিগ্যাল সংক্রান্ত দায়িত্ব পালন করা;
৪. সকল ষ্টাফ ও রোগীর মধ্যে আচরণগত পরিবর্তনের জন্য বিসিসি কার্যক্রম পরিচালনা করা;
৫. দৈনিক ডিজিট প্রোফাইল তৈরীসহ সঠিক রেকর্ড কিপিং নিশ্চিত করা;
৬. রোগীর চিকিৎসা ও সেবার ক্ষেত্রে সর্বোচ্চ পেশাগত নৈতিকতা রক্ষা করা;
৭. কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত হলে স্টোর ব্যবস্থাপনায় দায়িত্ব পালন করা;
৮. হাসপাতালের রোগীদের প্রয়োজনে রেফারেল ব্যবস্থা বাস্তবায়নে সহায়তা করা ;
৯. মানসম্মত বর্জ্য ব্যবস্থাপনায় কার্যকরী ভূমিকা পালন;
১০. উর্ধ্বতন কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য দায়িত্ব।

৮. পদের নাম : ইমারজেন্সী মেডিকেল অফিসার

পদের উদ্দেশ্য : আবাসিক সার্জনের সার্বিক তত্ত্বাবধানে হাসপাতালের জরুরী বিভাগে আগত রোগীদের যথাযথ চিকিৎসা সেবা নিশ্চিত করা;

প্রাতিষ্ঠানিক সম্পর্ক : (ক) জবাবদিহিতাঃ প্রশাসনিক- তত্ত্বাবধায়ক

কার্যনির্বাহের ক্ষেত্রে- আবাসিক মেডিকেল অফিসার;

(খ) তত্ত্বাবধায়নাধীন কর্মচারী : জরুরী বিভাগে কর্মরত কর্মচারীবৃন্দ;

(গ) কার্যক্ষেত্রে সম্পর্ক/যোগাযোগ : কনসালটেন্টগণ, নার্সিং সুপারভাইজার, ষ্টোর কিপার ও ওয়ার্ড মাষ্টার।

মূল দায়িত্ব:

১. পালা অনুসারে হাসপাতালের জরুরী বিভাগে আগত রোগীদের জরুরী চিকিৎসা প্রদান নিশ্চিত করা;
২. প্রাথমিক চিকিৎসা এবং ভর্তি যোগ্য রোগী নির্ণয় করা;
৩. হাসপাতালের অন্তর্বিভাগে ভর্তিরত রোগীদের জরুরী চিকিৎসার প্রয়োজন মেটানো;
৪. জরুরী বিভাগে আগত রোগীদের জন্য প্রয়োজ্য যথাযথ মেডিকো-লিগাল সনদ প্রদান করা;
৫. জরুরী বিভাগে চিকিৎসা সংক্রান্ত যথাযথ রেকর্ড কিপিং নিশ্চিতকরণ;
৬. কর্তব্যরত সময়ে রোগীর চিকিৎসা ও হাসপাতালে সুশৃংখল পরিবেশ নিশ্চিত করা;
৭. রোগীদের রেফারেল ব্যবস্থা কার্যকর করা;
৮. হাসপাতালের জরুরী বিভাগের পরিচ্ছন্নতা সংরক্ষণ নিশ্চিত করা;
৯. এম্বুলেন্সের গতিবিধি নিয়ন্ত্রণ করা;
১০. রোগীর চিকিৎসা ও সেবার ক্ষেত্রে সর্বশ্রেষ্ঠ পেশাগত নৈতিকতা রক্ষা করা;
১১. মানসম্মত বর্জ্য ব্যবস্থাপনায় কার্যকরী ভূমিকা পালন;
১২. উর্ধ্বতন কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য দায়িত্ব।

৯. পদের নাম : (মেডিকেল অফিসার) এনেসথেসিওলজিস্ট

পদের উদ্দেশ্য : অপারেশন রোগীদেরকে যথাযথভাবে এনেসথেসিয়া প্রদান করা;

প্রাতিষ্ঠানিক সম্পর্ক : (ক) জবাবদিহিতাঃ প্রশাসনিক- পরিচালক

কার্যনির্বাহের ক্ষেত্রে- কনসালটেন্ট/ ইউনিট প্রদান।

(খ) তত্ত্বাবধায়নাধীন কর্মচারী : কর্তব্যরত নার্স এবং অন্যান্য সহায়ক কর্মচারী;

(গ) কার্যক্ষেত্রে সম্পর্ক/যোগাযোগ : কনসালটেন্টগণ, আবাসিক সার্জন, ইমার্জেন্সী মেডিকেল অফিসার, নার্সিং সুপারভাইজার ও ওয়ার্ড মাষ্টার।

মূল দায়িত্ব:

১. অপারেশন রোগীদের প্রি-অপারেটিভ চেক আপ এবং রোগীদের সঠিকভাবে এনেসথেসিয়া প্রদান করা;
২. অপারেশন পরবর্তী (পোস্ট অপারেটিভ) রোগীদের ক্লিনিক্যাল মনিটরিং;
৩. হাসপাতালের পরিচ্ছন্নতা, রেকর্ড কিপিং এবং হাসপাতাল ব্যবস্থাপনায় কর্তৃপক্ষকে সহায়তা করা;
৪. সংশ্লিষ্ট বিভাগের ইলেকট্রো মেডিকেল যন্ত্রপাতিসহ অন্যান্য যন্ত্রপাতি-সরঞ্জাম রক্ষনাবেক্ষন নিশ্চিত করা;
৫. রোগীর চিকিৎসা ও সেবার ক্ষেত্রে সর্বোচ্চ পেশাগত নৈতিকতা রক্ষা করা;
৬. উর্ধ্বতন কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য দায়িত্ব।

১০. পদের নাম : (মেডিকেল অফিসার) প্যাথলজিস্ট

পদের উদ্দেশ্য : সকল প্যাথলজিক্যাল পরীক্ষা নিশ্চিত করা।

প্রাতিষ্ঠানিক সম্পর্ক :

(ক) জবাবদিহিতাঃ প্রশাসনিক- পরিচালক

কার্যনির্বাহের ক্ষেত্রে- উপপরিচালক, কনসালটেন্ট

(খ) তত্ত্বাবধায়নাধীন কর্মচারী : টেকনোলজিস্ট, প্যাথলজিক্যাল বিভাগের অন্যান্য কর্মচারী।

(গ) কার্যক্ষেত্রে সম্পর্ক/যোগাযোগ : কনসালটেন্টগণ, আবাসিক সার্জন, মেডিকেল অফিসারবৃন্দ, ষ্টোর কিপার, এস এস এন ও ওয়ার্ড মাস্টার।

মূল দায়িত্ব:

১. প্যাথলজিক্যাল পরীক্ষার জন্য যথাযথ নমুনা সংগ্রহ, পরীক্ষা ও নির্দিষ্ট সময়ে রিপোর্ট প্রদান নিশ্চিত করা;
২. সঠিকভাবে রেজিস্ট্রার ও অন্যান্য ক্ষেত্রে রেকর্ড সংরক্ষণ করা এবং যথাসময়ে তা সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করা;
৩. সরঞ্জামাদির ব্যবস্থাপনা নিশ্চিত করা;
৪. অন্যান্য উপকরণের রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা নিশ্চিত করা;
৫. হাসপাতালের পরিষ্কার পরিচ্ছন্নতা রক্ষায় কর্তৃপক্ষকে সহায়তা দান;
৬. রোগী ও স্টাফদের আচরণগত পরিবর্তনের জন্য বিসিসি কার্যক্রম পরিচালনা করা;
৭. রোগীর চিকিৎসা ও সেবার ক্ষেত্রে সর্বোচ্চ পেশাগত নৈতিকতা রক্ষা করা;
৮. মানসম্মত বর্জ্য ব্যবস্থাপনায় কার্যকরী ভ, মিকা পালন;
৯. উর্ধ্বতন কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য দায়িত্ব।

১১. পদের নাম : (মেডিকেল অফিসার) রেডিওলজিস্ট

পদের উদ্দেশ্য : রোগীদের যথাযথ রেডিওলজিক্যাল ও ইমেজিং সেবা প্রদান।

প্রাতিষ্ঠানিক সম্পর্ক : (ক) জবাবদিহিতা: প্রশাসনিক- পরিচালক

কার্যনির্বাহের ক্ষেত্রে- উপপরিচালক, কনসালটেন্ট।

(খ) তত্ত্বাবধায়নাধীন কর্মচারী : সংশ্লিষ্ট সকল সহায়ক কর্মচারী;

(গ) কার্যক্ষেত্রে সম্পর্ক/যোগাযোগ : কনসালটেন্টগণ, আবাসিক সার্জন, মেডিকেল অফিসারবৃন্দ, স্টোর কিপার, এস এস এন ও ওয়ার্ড মাষ্টার।

মূল দায়িত্ব:

১. চিকিৎসকের পরামর্শ অনুসারে রোগীদেরকে যথাযথ রেডিওলজিক্যাল ও ইমেজিং সেবা প্রদান করা এবং সার্বক্ষণিকভাবে এক্স-রে করাসহ রিপোর্ট প্রদান নিশ্চিত করা;
২. ঔষধ ও অন্যান্য সরঞ্জামের সরবরাহ নিশ্চিত করণে কর্তৃপক্ষের সঙ্গে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;
৩. যথাসময়ে এক্স-রে এবং ইমেজিং রিপোর্ট প্রস্তুত ও প্রেরণ করা;
৪. সংশ্লিষ্ট বিভাগের যাবতীয় রেকর্ড যথাযথ লিপিবদ্ধকরণ ও সংরক্ষণ;
৫. রোগীর চিকিৎসা ও সেবার ক্ষেত্রে সর্বোচ্চ পেশাগত নৈতিকতা রক্ষা করা;
৬. সকল রোগী ও ষ্টাফের জন্য বিসিসি কার্যক্রম পরিচালনা করা;
৭. প্রয়োজনে মেডিকোলিগ্যাল কাজে সহায়তা প্রদান;
৮. মানসম্মত বর্জ্য ব্যবস্থাপনায় কার্যকরী ভূমিকা পালন;
৯. উর্ধ্বতন কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য দায়িত্ব।

১২. পদের নাম : ডেন্টাল সার্জন

পদের উদ্দেশ্য : দত্ত রোগীদের প্রয়োজনীয় চিকিৎসা ও শল্য সেবা প্রদান/নিশ্চিতকরণ।

প্রাতিষ্ঠানিক সম্পর্ক :

(ক) জবাবদিহিতা: প্রশাসনিক- পরিচালক

কার্যনির্বাহের ক্ষেত্রে- আবাসিক সার্জন;

(খ) তত্ত্বাবধায়নাধীন কর্মচারী : ডেন্টাল টেকনোলজিস্ট, অফিস সহায়ক।

(গ) কার্যক্ষেত্রে সম্পর্ক/যোগাযোগ : কনসালটেন্টবৃন্দ, ইমার্জেন্সী মেডিকেল অফিসার, মেডিকেল অফিসারবৃন্দ, নার্সিং সুপারভাইজার, স্টোর কিপার, ওয়ার্ড মাস্টার, অন্যান্য সহায়ক কর্মকর্তা ও কর্মচারী।

মূল দায়িত্ব:

১. হাসপাতালের বহির্বিভাগ, জরুরী বিভাগে আগত এবং অন্তর্বিভাগে ভর্তি রোগীদের দত্ত চিকিৎসা নিশ্চিত করা;
২. রোগীদের সম্পর্কে যথাযথ রেকর্ড সংরক্ষণ করা;
৩. সংশ্লিষ্ট বিভাগের রোগীদের রেফারেল ব্যবস্থা কার্যকর করা;
৪. হাসপাতালের পরিচ্ছন্নতা ও পরিবেশ রক্ষায় কর্তৃপক্ষকে সহায়তা প্রদান করা;
৫. রোগী, রোগীর সংগে আগত ব্যক্তিবর্গ ও স্টাফদের আচরণ পরিবর্তনের জন্য বিসিসি কার্যক্রম পরিচালনা;
৬. সরঞ্জাম ব্যবস্থাপনা ও এ সংক্রান্ত রিপোর্ট প্রদান নিশ্চিত করা;
৭. রোগীর চিকিৎসা ও সেবার ক্ষেত্রে সর্বোচ্চ পেশাগত নৈতিকতা রক্ষা করা;
৮. রোগীদের রেফারেল ব্যবস্থা কার্যকর করা;
৯. মানসম্মত বর্জ্য ব্যবস্থাপনায় কার্যকরী ভূমিকা পালন;
১০. উর্ধ্বতন কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য দায়িত্ব।

১৩. পদের নাম : নার্সিং সুপারিনটেনডেন্ট

পদের উদ্দেশ্য : রোগীদের স্বাস্থ্যসেবা ও কল্যাণ বৃদ্ধির নিমিত্তে হাসপাতালে নার্সিং সার্ভিস সুষ্ঠুভাবে পরিচালনা নিশ্চিত করা;

প্রাতিষ্ঠানিক সম্পর্ক : (ক) জবাবদিহিতাঃ প্রশাসনিক- পরিচালক

কার্যনির্বাহের ক্ষেত্রে-সকল কনসালটেন্ট;

(খ) তত্ত্বাবধায়নাধীনকর্মচারী : নার্সিং সুপারভাইজার, সিনিয়র স্টাফ নার্স ;

(গ) কার্যক্ষেত্রে সম্পর্ক/যোগাযোগ : কনসালটেন্টবৃন্দ, ইমার্জেন্সী মেডিকেল অফিসার, আবাসিক সার্জন, মেডিকেল অফিসারবৃন্দ, সহকারী রেজিষ্ট্রার, নার্সিং সুপারভাইজার, ওয়ার্ড মাষ্টার, অন্যান্য সহায়ক কর্মকর্তা ও কর্মচারী।

মূল দায়িত্ব:

১. রোগীদের জন্য নিরাপদ ও যথাযথ নার্সিং সেবা নিশ্চিত করা;
২. নার্সিং ক্ষেত্রে মানব সম্পদের উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে মানব সম্পদ ব্যবস্থাপনা;
৩. নার্সিং এর সঙ্গে সংশ্লিষ্ট সরঞ্জামের যথাযথ ব্যবস্থাপনা নিশ্চিত করা;
৪. রোগীদের রেকর্ড যথাযথভাবে সংরক্ষণ নিশ্চিত করা;
৫. সকল নার্সিং স্টাফদের মধ্যে বিসিসি কার্যক্রম চালু রাখা;
৬. ছাত্র-ছাত্রী নার্সসহ সকল নার্সের জন্য যথাযথ ও নিরাপদ কর্ম পরিবেশ নিশ্চিত করা;
৭. অধীনস্থ কর্মকর্তা/ কর্মচারীদের বার্ষিক গোপনীয় অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন;
৮. প্রতিষ্ঠানের নার্সিং সেবা উন্নয়নকল্পে যথাযথ পরিকল্পনা গ্রহণ করা;
৯. হাসপাতালের মানসম্মত বর্জ্য ব্যবস্থাপনায় ভূমিকা পালন;
১০. উর্ধ্বতন কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

১৪. পদের নাম : সমাজ কল্যাণ অফিসার

পদের উদ্দেশ্য : হাসপাতালের অতি দরিদ্র রোগীদের চিকিৎসার নিমিত্ত ঔষধ ও অন্যান্য প্রয়োজনীয় জিনিস সংগ্রহে সহায়তা এবং হাসপাতাল থেকে ছাড়া পাবার পর শারীরিকভাবে অক্ষম ব্যক্তিদের পুনর্বাসনে ভূমিকা পালন।

প্রাতিষ্ঠানিক সম্পর্ক :

(ক) জবাবদিহিতা: প্রশাসনিক- পরিচালক

কার্যনির্বাহের ক্ষেত্রে-কনসালটেন্টগণ ও আবাসিক সার্জন;

(খ) তত্ত্বাবধায়নাধীন কর্মচারী : তাঁর অধীনে কর্মরত সহায়ক কর্মচারী;

(গ) কার্যক্ষেত্রে সম্পর্ক/যোগাযোগ : কনসালটেন্টবৃন্দ, ইমার্জেন্সী মেডিকেল অফিসার, আবাসিক সার্জন, সহকারী রেজিষ্টার মেডিকেল অফিসারবৃন্দ, ওয়ার্ড ইন চার্জ।

মূল দায়িত্ব :

১. অতি দরিদ্র রোগী বিশেষ করে মহিলা, শিশুদের ঔষধ, রক্ত, কাপড় ইত্যাদি অতি প্রয়োজনীয় সামগ্রী দিয়ে চিকিৎসায় সহায়তা নিশ্চিত করা;
২. হাসপাতাল থেকে ছাড়া পাবার পর শারীরিকভাবে অক্ষম ব্যক্তিদের পুনর্বাসনে সহায়তা করা অথবা প্রয়োজনীয় পরামর্শ দেয়া;
৩. রোগ প্রতিরোধ বিষয়ে ধারণা ও আচরণের উন্নতি সাধনের লক্ষ্যে বিসিসি কার্যক্রম পরিচালনা করা;
৪. রোগী ও তার আত্মীয়স্বজনদেরকে খাদ্য, পুষ্টি, পরিবার পরিকল্পনা বিষয়ে তথ্য/ জ্ঞান দান করা;
৫. যথাযথভাবে রেকর্ড লিপিবদ্ধ করা ও তা সংরক্ষণ নিশ্চিত করা;
৬. হাসপাতালের কর্মকর্তা-কর্মচারীদের সংগে যথাযথ সমন্বয় নিশ্চিত করা;
৭. উর্ধ্বতন কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

১৫. পদের নাম : পুষ্টিবিদ

পদের উদ্দেশ্য : হাসপাতালের মান সম্মত পথ্য ব্যবস্থাপনা পরিচালনা;

প্রাতিষ্ঠানিক সম্পর্ক :

(ক) জবাবদিহিতা: প্রশাসনিক- পরিচালক

কার্যনির্বাহের ক্ষেত্রে-সকল কনসালটেন্ট;

(খ) তত্ত্বাবধায়নাধীন কর্মচারী : ডায়েট এসিসটেন্ট, ডায়েট ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট কর্মচারীবৃন্দ;

(গ) কার্যক্ষেত্রে সম্পর্ক/যোগাযোগ : চিকিৎসকবৃন্দ, ষ্টোর অফিসার, ওয়ার্ড ইনচার্জ, সিনিয়র ষ্টাফ নার্স, অফিস সহকারী;

মূল দায়িত্ব:

১. হাসপাতালের কিচেন ম্যানেজমেন্টের দায়িত্ব পালন;
২. ম্যানুয়াল অনুযায়ী মানসম্মত খাবার প্রস্তুত ও নিরাপদ খাদ্য সরবরাহ নিশ্চিত করা;
৩. ওয়ার্ডে রোগীদের খাদ্য বিতরণ তদারকি;
৪. পথ্য সামগ্রী সংগ্রহ, প্রস্তুত প্রণালী ও বিতরণের মান নিয়ন্ত্রণ ও মান উন্নয়ন;
৫. ওয়ার্ডে বিশেষ ধরনের রোগীদের সুনির্দিষ্ট ডায়েট প্রদান নিশ্চিত করা;
৬. মান সম্মত বর্জ্য ব্যবস্থাপনায় ভূমিকা পালন;
৭. উর্ধ্বতন কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

১৬. পদের নাম : সহকারী প্রোগ্রামার

পদের উদ্দেশ্য : প্রোগ্রাম তৈরী করাসহ বিভিন্ন পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন কাজে সহায়তা।

প্রাতিষ্ঠানিক সম্পর্ক :

(ক) জবাবদিহিতাঃ প্রশাসনিক- পরিচালক

কার্যনির্বাহের ক্ষেত্রে-আবাসিক সার্জন,

(খ) তত্ত্বাবধায়নাধীন কর্মচারী : ডাটা এন্ট্রি অপারেটর/কম্পিউটার অপারেটর।

ছুটি বিকল্প : সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার

মূল দায়িত্ব:

১. কম্পিউটার প্রোগ্রামিং (ঈউফরহম) এবং পরীক্ষা নিরীক্ষা (উবনঁম) করা;
২. প্রোগ্রাম তৈরীসহ কাস্টমাইজড সফটওয়্যারকে অপারেশনাল করা;
৩. সকল অপারেশনাল প্রোগ্রামের সিস্টেম ভিত্তিক ডকুমেন্টেশন এবং রক্ষনাবেক্ষন করা;
৪. প্রোগ্রামিং সম্ভাব্যতা যাচাই করা;
৫. অধীনস্থ কর্মকর্তা ও কর্মচারীদের কাজে মনিটরিং ও তদারকি করা;
৬. ব্যবস্থাপনার উন্নয়ন, পরিকল্পনা ও বাস্তবায়ন করা;
৭. উর্ধ্বতন কর্তৃপক্ষের প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

১৭. পদের নাম : সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার

পদের উদ্দেশ্য : কম্পিউটার, ইউপিএস, প্রিন্টার ও খঅঘ সংরক্ষণ এবং সার্বক্ষনিক চালু রাখার ব্যবস্থা করা।

প্রাতিষ্ঠানিক সম্পর্ক :

(ক) জবাবদিহিতা: প্রশাসনিক- পরিচালক

কার্যনির্বাহের ক্ষেত্রে- আবাসিক সার্জন;

(খ) তত্ত্বাবধায়নাধীন কর্মচারী : ডাটা এন্ট্রি অপারেটর/ কম্পিউটার অপারেটর।

ছুটি বিকল্প : সহকারী প্রোগ্রামার।

মূল দায়িত্ব:

১. কম্পিউটার, কম্পিউটার সম্পর্কিত যাবতীয় যন্ত্রপাতি সার্ভার এবং সংরক্ষণ এবং সার্বক্ষনিক চালু রাখা;
২. কম্পিউটার, কম্পিউটার এক্সেসরিজ নিরুপন, হার্ডওয়ার ঝবসবপঃরডহ এবং ঝঢ়বপরভরপধঃরডহ নির্ধারণ করার সার্বিক দায়িত্ব পালন;
৩. ঝবৎবৎ (গধরষ ঝবৎবৎ, অঢঢ়ষরপধঃরডহ ঝবৎবৎ ্ জবসধঃরডহ ঝবৎবৎ বঃপ.) যথাযথভাবে সংরক্ষণ ও চালু রাখা;
৪. প্রতিষ্ঠানের চাহিদা অনুযায়ী হার্ডওয়ার সিলেকশন ও ক্রয় কাজে সহায়তা করা;
৫. হার্ডওয়ার ক্রয় সংক্রান্ত বিষয়ে টেকনিকেল এর ক্ষেত্রে সহায়তা করা;
৬. ঝড়ভঃধিৎব ঝবসবপঃরডহ, ঙঢ়বৎধঃরহম বুৎঃবস, ঙ়ড়সটঃবৎ অপপবৎংড়ৎরবৎ ঝবসবপঃরডহ ্ ঝঢ়বপরভরপধঃরডহ, ঙ্রধৎফধিব ংবসবপঃরডহ, ংঢ়বপরভরপধঃরডহ নির্ধারণ করার সার্বিক দায়িত্ব পালনে সহায়তা করা;
৭. উর্ধ্বতন কর্তৃপক্ষের প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

১৮. পদের নাম : জুনিয়র হেলথ এডুকেশন অফিসার

পদের উদ্দেশ্য : বিসিসি কার্যক্রম পরিচালনার মাধ্যমে হাসপাতালের মান সম্মত স্বাস্থ্যসেবা প্রদানে কার্যকরী ভূমিকা পালন।

প্রাতিষ্ঠানিক সম্পর্ক :

(ক) জবাবদিহিতা: প্রশাসনিক- পরিচালক

কার্যনির্বাহের ক্ষেত্রে-আবাসিক সার্জন;

(খ) তত্ত্বাবধায়নাধীন কর্মচারী : হেলথ এডুকেটর, অফিস সহায়ক;

(গ) কার্যক্ষেত্রে সম্পর্ক/যোগাযোগ : চিকিৎসকবৃন্দ, অফিস সহকারী, স্টোর কিপার, ওয়ার্ড মাস্টার, নার্সিং স্টাফ, অফিস সহায়ক।

মূল দায়িত্ব:

১. প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা ভিত্তিক টিকাদান কর্মসূচী, মাতৃ ও শিশু মঞ্জল, পুষ্টি, যৌন রোগ, এইডস ইত্যাদি বিষয়ে স্বাস্থ্যশিক্ষা মূলক কার্যক্রম বাস্তবায়নে কারিগরী সহায়তা প্রদান;
২. প্রাকৃতিক দুর্যোগ ও মহামারী প্রতিরোধে স্বাস্থ্যশিক্ষা কার্যক্রম জোড়দারে প্রয়োজনীয় কারিগরী সহায়তা প্রদান;
৩. স্বাস্থ্যশিক্ষা মূলক গবেষণা ও মূল্যায়নের ক্ষেত্রে পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে সহায়তা প্রদান;
৪. স্বাস্থ্যশিক্ষামূলক মাসিক কার্যাবলীর প্রতিবেদন প্রস্তুত ও সংরক্ষণ করা;
৫. স্বাস্থ্যশিক্ষা উন্নয়ন কার্যক্রমে ব্যবহৃত সকল প্রশিক্ষণ ম্যানুয়াল, মডিউল, সিনেমা, **টাইড** ইত্যাদি তৈরী বিষয়ে পরিকল্পনা প্রণয়ন ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
৬. স্বাস্থ্যশিক্ষা কার্যক্রম তত্ত্বাবধান;
৭. স্বাস্থ্যশিক্ষা কার্যক্রমের প্রশিক্ষন উন্নয়নে সরকারী ও বেসরকারী সংস্থা সমূহের সহিত সমন্বয় সাধন;
৮. হাসপাতালের জন্য বার্ষিক বিসিসি কার্যক্রমের পরিকল্পনা প্রণয়ন নিশ্চিত করা;
৯. হাসপাতালের পরিচ্ছন্নতা রক্ষায় সহায়তা প্রদান করা;
১০. মানসম্মত বর্জ্য ব্যবস্থাপনায় কার্যকরী ভূমিকা পালন;
১১. উর্ধ্বতন কর্তৃপক্ষের প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

১৯. পদের নাম : কম্পিউটার অপারেটর

পদের উদ্দেশ্য : কম্পিউটার-এ বিভিন্ন ডাটা এন্ট্রি ও এডিট করা।

প্রাতিষ্ঠানিক সম্পর্ক :

(ক) জবাবদিহিতাঃ প্রশাসনিক- পরিচালক

কার্যনির্বাহের ক্ষেত্রে-আবাসিক সার্জন;

(খ) তত্ত্বাবধায়নাধীনকর্মচারী : ডাটা এন্ট্রি অপারেটর।

ছুটি বিকল্প : ডাটা এন্ট্রি অপারেটর।

মূল দায়িত্ব:

১. মাসিক প্রতিবেদনের ডাটা এন্ট্রি করা;
২. চিঠিপত্র জাতীয় যেকোন লেখার কাজ পালন করা;
৩. কাগজ ও ডিস্কেট ব্যবহারের রেকর্ড রাখা;
৪. কম্পিউটারের মাধ্যমে প্রয়োজনীয় সাধারণ কাজগুলোর দায়িত্ব পালন করা;
৫. নিয়ম মারফিক কম্পিউটার যন্ত্রপাতি ব্যবহার ও রক্ষনাবেক্ষণ করা;
৬. তত্ত্বাবধায়নাধীনকর্মচারীর কাজে তত্ত্বাবধান ও পরামর্শ প্রদান করা;
৭. কম্পিউটার অপারেশনে কোন প্রকার সন্দেহজনক ক্রটি ধরা পড়িলে সংগে সংগে সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ারকে জানানো;
৮. উর্ধ্বতন কর্তৃপক্ষের প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

২০. পদের নাম : ডাটা এন্ট্রি অপারেটর

পদের উদ্দেশ্য : কম্পিউটারে বিভিন্ন সাব-সিস্টেম এর সংগৃহীত তথ্য এন্ট্রি ও এডিট করা।

প্রাতিষ্ঠানিক সম্পর্ক :

(ক) জবাবদিহিতাঃ প্রশাসনিক- পরিচালক

কার্যনির্বাহের ক্ষেত্রে-সহকারী প্রোগ্রামার, পরিসংখ্যান অফিসার;

(খ) তত্ত্বাবধায়নাধীন কর্মচারী :

ছুটি বিকল্প : কম্পিউটার অপারেটর/পরিসংখ্যান সহকারী।

মূল দায়িত্ব:

- ১। নিয়ম মারফিক কম্পিউটার যন্ত্রপাতির ব্যবহার ও রক্ষণাবেক্ষণ করা;
- ২। বিভিন্ন সাব সিস্টেম এর ডাটা এন্ট্রি করা;
- ৩। বিভিন্ন ধরনের প্রতিবেদন তৈরী করা;
- ৪। কাগজ ও ডিস্কেট ব্যবহারের মাধ্যমে রেকর্ড রাখা;
- ৫। কম্পিউটারের মাধ্যমে প্রয়োজনীয় সাধারণ কাজগুলো সংরক্ষনের দায়িত্ব পালন করা;
- ৬। কম্পিউটার অপারেশনে কোন প্রকার সন্দেহজনক ক্রটি ধরা পড়িলে সংগে সংগে সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ারকে জানানো;
- ৭। উর্ধ্বতন কর্তৃপক্ষের প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

২১। পদের নাম : স্টোর অফিসার

পদের উদ্দেশ্য : স্টোরের যথাযথ ব্যবস্থাপনা নিশ্চিত করা।

প্রাতিষ্ঠানিক সম্পর্ক :

(ক) জবাবদিহিতাঃ প্রশাসনিক- পরিচালক

কার্যনির্বাহের ক্ষেত্রে-

(খ) তত্ত্বাবধায়নাধীন কর্মচারী : স্টোর কিপার, অন্যান্য সহায়ক কর্মচারী।

(গ) কার্যক্ষেত্রে সম্পর্ক/যোগাযোগ : আবাসিক সার্জন, সহকারী রেজিষ্ট্রার, ইমারজেন্সী মেডিকেল অফিসার, ওয়ার্ড/ওটি ইনচার্জ, ওয়ার্ড মাস্টার, স্টুয়ার্ড।

মূল দায়িত্ব:

- ১। স্টোরে সংরক্ষিত ঔষধ ও অন্যান্য উপকরণ যথাযথভাবে সংরক্ষণ ও সরবরাহ নিশ্চিত করা;
- ২। স্টোর লেজারসহ অন্যান্য রেজিষ্ট্রার (সংশ্লিষ্ট) সমূহ এর যথাযথ সংরক্ষণ নিশ্চিত করা;
- ৩। সকল সাব-স্টোর তদারকি করা;
- ৪। ব্যবহারকারীদের সংগে আলোচনা করে উপকরণ/ ঔষধের প্রয়োজন নির্ধারণ/ প্রস্তুত করা;
- ৫। স্টোরের নিরাপত্তা ও পরিচ্ছন্নতা নিশ্চিত করা;
- ৬। প্রয়োজনীয় কাগজপত্র (ডকুমেন্ট) যথাযথভাবে সংরক্ষণ করা;
- ৭। এমএসআর সামগ্রী সংগ্রহ কার্যক্রমে সহায়তা করা;
- ৮। হাসপাতালের মানসম্মত বর্জ্য ব্যবস্থাপনায় ভ, মিকা পালন;
- ৯। উর্ধ্বতন কর্তৃপক্ষের প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

২৪. পদের নাম : নার্সিং সুপারভাইজার

পদের উদ্দেশ্য : রোগীর চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে অধীনস্থ সকল নার্সিং স্টাফদের মান সম্মত নার্সিং সেবা প্রদান নিশ্চিত করণ

প্রাতিষ্ঠানিক সম্পর্ক :

(ক) জবাবদিহিতাঃ প্রশাসনিক- পরিচালক

কার্যনির্বাহের ক্ষেত্রে-আবাসিক মেডিকেল অফিসার/সেবা তত্ত্বাবধায়ক

(খ) তত্ত্বাবধায়নাধীন কর্মচারী : সিনিয়র স্টাফ নার্স, সহকারী নার্স ও অন্যান্য সহায়ক কর্মচারী;

(গ) কার্যক্ষেত্রে সম্পর্ক/যোগাযোগ : চিকিৎসকবৃন্দ, সেবা তত্ত্বাবধায়ক, সিনিয়র স্টাফ নার্স ও অন্যান্য সহায়ক কর্মচারী।

মূল দায়িত্ব:

১. সকল নার্সিং স্টাফের কার্যক্রমের যথাযথ ব্যবস্থাপনা ও তদারকি করা;
২. নার্সদের বর্তমান ও ভবিষ্যতে দায়িত্বের উপযোগী জ্ঞান, দক্ষতা ও প্রশিক্ষণ প্রাপ্তি নিশ্চিত করা;
৩. প্রয়োজনীয় সকল রেকর্ড সুশৃংখলভাবে সংরক্ষণ নিশ্চিত করা এবং প্রয়োজনে বিভিন্ন পরিসংখ্যান ও তথ্য সরবরাহ করা;
৪. অধঃস্তন কর্মচারীদের সেবার মান উন্নয়নে তাদের আচরণগত পরিবর্তনের লক্ষ্যে বিসিসি এবং রোগীর সংগে আগত ব্যক্তিবর্গকে স্বাস্থ্যশিক্ষা প্রদান করা;
৫. মানসম্মত বর্জ্য ব্যবস্থাপনায় কার্যকরী ভ, মিকা পালন;
৬. উর্ধ্বতন কর্তৃপক্ষের প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

২৫. পদের নাম : সিনিয়র স্টাফ নার্স

পদের উদ্দেশ্য : রোগীদের মানসম্মত ও সঠিক নার্সিং সেবা প্রদানের মাধ্যমে স্বাস্থ্য ও কল্যাণ বৃদ্ধিতে যথাযথ দায়িত্ব পালন।

প্রাতিষ্ঠানিক সম্পর্ক :

(ক) জবাবদিহিতা: প্রশাসনিক- আবাসিক চিকিৎসক

কার্যনির্বাহের ক্ষেত্রে-নার্সিং সুপাভাইজার, ওয়ার্ড ইন-চার্জ

(খ) তত্ত্বাবধায়নাধীনকর্মচারী : ওটি বয়, আয়া, ক্লিনার;

(গ) কার্যক্ষেত্রে সম্পর্ক/যোগাযোগ : কনসালটেন্ট, সহকারী রেজিস্ট্রার, মেডিকেল অফিসার, স্টোর কিপার, নার্সিং স্টাফ, অফিস সহায়ক;

মূল দায়িত্ব :

১. রোগীদের মানসম্মত নার্সিং সেবা প্রদান;
২. চিকিৎসকের নির্দেশনা অনুসারে রোগীদের চিকিৎসা সেবা প্রদান করা;
৩. রোগীর সঙ্গে অবস্থানরত ব্যক্তিবৃন্দের (এটেনডেন্টদের) সেবা কাজে পরামর্শ দেয়া;
৪. অধস্তন নার্সিং ও সহায়ক স্টাফদের কাজ-কর্ম তদারকি করা;
৫. রোগী ভর্তি, সেবা, চিকিৎসা এবং ছাড় প্রদানের সঠিক রেকর্ড সংরক্ষণসহ নির্ধারিত সময়ে সরবরাহ করা;
৬. ওয়ার্ডে প্রয়োজনীয় মালামালের চাহিদাপত্র তৈরী ও সংগ্রহ এবং বরাদ্দকৃত সকল মালামাল ও যন্ত্রপাতির সঠিক ব্যবহার;
৭. সেবা প্রদান সংক্রান্ত দৈনিক তথ্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রদান করা;
৮. সংশ্লিষ্ট ওয়ার্ডে/ বিভাগের পরিষ্কার পরিচ্ছন্নতা বাস্তবায়ন নিশ্চিত করা ও মানসম্মত বর্জ্য ব্যবস্থাপনায় কার্যকরী ভূমিকা পালন;
৯. উর্ধ্বতন কর্তৃপক্ষের প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

২৬. পদের নাম : প্রধান সহকারী কাম হিসাব রক্ষক

পদের উদ্দেশ্য : হাসপাতালের কার্যক্রম পরিচালনার লক্ষ্যে অফিস ব্যবস্থাপনা ও আর্থিক ব্যবস্থাপনায় দায়িত্ব পালন।

প্রাতিষ্ঠানিক সম্পর্ক :

(ক) জবাবদিহিতাঃ প্রশাসনিক- পরিচালক

কার্যনির্বাহের ক্ষেত্রে-আবাসিক সার্জন

(খ) তত্ত্বাবধায়নাধীন কর্মচারী : অফিস সহকারী কাম টাইপিষ্ট, ক্যাশিয়ার, রেকর্ড কিপার, অফিস সহায়ক;

(গ) কার্যক্ষেত্রে সম্পর্ক/যোগাযোগ : সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

মূল দায়িত্ব:

১. সকল প্রকার বিল ভাউচার প্রস্তুত, কর্মচারীদের বেতন ভাতা উত্তোলন, প্রদান ও যথাযথ আর্থিক হিসাব সংরক্ষণ করা;
২. অডিট টিমের নিকট সকল কাগজপত্র উপস্থাপন;
৩. অধস্তন সকল কর্মচারীর কার্যক্রম তদারকী;
৪. ক্রয় প্রক্রিয়ায় যথাযথ সহায়তা প্রদান;
৫. ৩য় ও ৪র্থ শ্রেণীর সকল কর্মচারীর সার্ভিস বুক সংরক্ষণ;
৬. অফিসের আর্থিক ব্যবস্থাপনায় সহায়তাসহ আয়ন ব্যয়ন ও অডিট আপত্তির সাথে দায়বদ্ধ থাকা;
৭. বিসিসি কার্যক্রমে অংশগ্রহণ;
৮. বাৎসরিক বাজেট তৈরীতে সহায়তা করা;
৯. ইউজার ফিসের অর্থ প্রত্যর্পণ সংক্রান্ত রিপোর্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট পেশ করা;
১০. মানসম্মত বর্জ্য ব্যবস্থাপনায় কার্যকরী ভ, মিকা পালন;
১১. উর্ধ্বতন কর্তৃপক্ষের প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

২৭. পদের নাম : ক্যাশিয়ার

পদের উদ্দেশ্য : ক্যাশ সংগ্রহ পূর্বক বিভিন্ন বিলের বিপরীতে যথাযথভাবে পরিশোধ করা।

প্রাতিষ্ঠানিক সম্পর্ক :

(ক) জবাবদিহিতা: প্রশাসনিক- পরিচালক

কার্যনির্বাহের ক্ষেত্রে-আবাসিক সার্জন

(খ) তত্ত্বাবধায়নাধীন কর্মচারী : সংশ্লিষ্ট কর্মচারী;

(গ) কার্যক্ষেত্রে সম্পর্ক/যোগাযোগ : সকল কর্মকর্তা ও কর্মচারী।

মূল দায়িত্ব:

১. ক্যাশ উত্তোলন/ সংগ্রহ এবং যথাযথভাবে বিল পরিশোধ করা;
২. ক্যাশবুক নিয়মিত হালনাগাদ করা;
৩. ক্যাশবুক ও অন্যান্য প্রয়োজনীয় দলিল ও রেজিস্টার এর সংরক্ষণ নিশ্চিত করা;
৪. ক্যাশের নিরাপত্তা নিশ্চিত করা;
৫. হাসপাতালে সংগৃহীত ফি সমূহ গ্রহণ করা এবং যথাযথভাবে সরকারী কোষাগারে জমা দান করা ;
৬. উর্ধ্বতন কর্তৃপক্ষের প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর পদের উদ্দেশ্য : হাসপাতাল ব্যবস্থাপনায় দাপ্তরিক দায়িত্ব পালন;

প্রাতিষ্ঠানিক সম্পর্ক :

(ক) জবাবদিহিতাঃ প্রশাসনিক- তত্ত্বাবধায়ক

কার্যনির্বাহের ক্ষেত্রে-আবাসিক সার্জন

(খ) তত্ত্বাবধায়নাধীনকর্মচারী : নাই;

(গ) কার্যক্ষেত্রে সম্পর্ক/যোগাযোগ : প্রধান সহকারী কাম হিসাব রক্ষক, ক্যাশিয়ার, অফিস সহায়ক ও অন্যান্য কর্মকর্তা;

মূল দায়িত্বঃ

১. কর্তৃপক্ষের দেয়া সকল নথির কাজ সম্পন্ন করা;
২. নির্দেশনা অনুসারে সকল অফিস পত্র ও খসড়া প্রস্তুত করা;
৩. কর্তৃপক্ষের দেয়া ব্যক্তিগত নথিসমূহ সংরক্ষণ করা;
৪. বিসিসি কার্যক্রমে অংশগ্রহণ;
৫. মানসম্মত বর্জ্য ব্যবস্থাপনায় কার্যকরী ভূমিকা পালন;
৬. উর্ধ্বতন কর্তৃপক্ষের প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন;

ষ্টোর কিপার পদের উদ্দেশ্য : রোগীর সেবা প্রদানের নিমিত্তে এম এস আর সহ অন্যান্য উপকরণ সরবরাহ নিশ্চিত করার জন্য যথাযথ ভান্ডার (ষ্টোর) ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণ;

প্রাতিষ্ঠানিক সম্পর্ক :

(ক) জবাবদিহিতাঃ প্রশাসনিক- তত্ত্বাবধায়ক

কার্যনির্বাহের ক্ষেত্রে-আবাসিক সার্জন/ ষ্টোর অফিসার

(খ) তত্ত্বাবধায়নাধীনকর্মচারী : তার সঙ্গে কোন অফিস সহায়ক নিয়োজিত থাকলে;

(গ) কার্যক্ষেত্রে সম্পর্ক/যোগাযোগ : চিকিৎসক, নার্সিং সুপারভাইজার, ওয়ার্ড ইন চার্জ, ফার্মাসিস্ট, গভর্নেন্ট প্রেস, সিএমএসডি-ইডিসিএল, স্পেস্ট্রা স্টাফ;

মূল দায়িত্বঃ

১. ষ্টোর লেজার সঠিকভাবে সংরক্ষণ করা;
২. আবাসিক সার্জনের তত্ত্বাবধানেবিভিন্ন সূত্র থেকে বরাদ্দকৃত মালামাল যথাযথ সংগ্রহ করা;
৩. প্রয়োজন অনুসারে বিভিন্ন মালামালের সরবরাহ নিশ্চিত করা;
৪. মালামালের মজুদ সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে সময়ে সময়ে অবহিত রাখা;
৫. হাসপাতালের বিভিন্ন মালামালের বার্ষিক প্রয়োজন সম্পর্কে প্রতিবেদন তৈরীতে সহায়তা প্রদান করা;
৬. যথাযথ নিয়মে ব্যবহার অযোগ্য মালামাল নিলাম/ বিনষ্টের প্রস্তাব প্রস্তুত করা;
৭. ঔষধ ও অন্যান্য মালামালের অপচয় ও অপব্যবহার রোধ করা;
৮. মানসম্মত বর্জ্য ব্যবস্থাপনায় কার্যকরী ভ, মিকা পালন;
৯. উর্ধ্বতন কর্তৃপক্ষের প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন;

হেলথ এডুকেটর পদের উদ্দেশ্য : বিসিসি কার্যক্রম পরিচালনার মাধ্যমে হাসপাতালের মান সম্মত ংস্থ্য সেবা প্রদানে সহায়তা করা;

প্রাতিষ্ঠানিক সম্পর্ক :

(ক) জবাবদিহিতাঃ প্রশাসনিক- তত্ত্বাবধায়ক

কার্যনির্বাহের ক্ষেত্রে-আবাসিক সার্জন

(খ) তত্ত্বাবধায়নাধীনকর্মচারী : অফিস সহায়ক;

(গ) কার্যক্ষেত্রে সম্পর্ক/যোগাযোগ : চিকিৎসকবৃন্দ, অফিস সহকারী, স্টোর কিপার, ওয়ার্ড মাস্টার, নার্সিং স্টাফ, অফিস সহায়ক;

মূল দায়িত্বঃ

১. হাসপাতালের জন্য বার্ষিক বিসিসি কার্যক্রমের পরিকল্পনা প্রণয়ন নিশ্চিত করা;
